# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৫৯. গাছ নাকি ব্রাশ- কী দিয়ে দাঁত মাজা উত্তম?

কোন প্রকার গাছ বা দ্রব্য দিয়ে বা কী উপকরণ দিয়ে দাঁত মাজবে হাদীসে এ বিষয়ে নির্দিষ্ট করে উল্লেখ নেই। অতএব বিষয়টি আমাদের জন্য উন্মুক্ত রয়ে গেল । যেকোন ধরনের গাছ, গাছের ডাল বা শিকড় দিয়ে দাঁত মাজা বৈধ। রাসূলুল্লাহ (স)-এর যামানায় লোকেরা সাধারণত আরাক এবং বাশাম নামক গাছ দিয়ে মিসওয়াক করত। তাছাড়া ব্রাশ, মাজন বা পেস্ট দিয়েও দাঁত মাজতে কোন নিষেধ নেই। তবে আঙ্গুল দিয়ে দাঁত মাজা বৈধ হলেও এতে পরিচ্ছন্নতার কাজটি পরিপূর্ণভাবে আদায় হয় না ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12795

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন